

ট্রেড ইউনিয়ন এবং সিভিল সোসাইটি সংস্থাগুলির জন্য তথ্য/ডেটা সুরক্ষা নীতি

আপডেটেড: ২২ জানুয়ারী, ২০২৬

ট্রেড ইউনিয়ন/সিএসও ডেটা সুরক্ষা নীতি ওপেন সাপ্লাই হাবের বিদ্যমান শাসন ও দায়িত্বশীলতা কাঠামোর সাথে বাস্তবায়িত হয়েছে, যার মধ্যে রয়েছে এর [সুরক্ষা নীতি](#) এবং [হাইসেলব্রায়ার নীতি](#)। একত্রে, এই নীতিগুলি ঝুঁকি চিহ্নিত করা, উদ্বেগ উত্থাপন, ক্ষতির রিপোর্ট করা এবং যথাযথ ক্ষেত্রে প্রতিকার চাওয়ার জন্য পরস্পর পরিপূরক এবং শক্তিশালী যান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠা করে।

১। উদ্দেশ্য

এই নীতি বর্ণনা করে কিভাবে ওপেন সাপ্লাই হাব (ওএস হাব) ট্রেড ইউনিয়ন (টিইউ) এবং সিভিল সোসাইটি সংস্থাগুলির (সিএসও) সাথে সহযোগিতা করে যখন তারা সাপ্লাই চেইন ডেটা শেয়ার করে ওএস হাবের ডাটাবেসে অন্তর্ভুক্ত করার জন্য

এটি ওএস হাবের ২০২৫ সালের রিপোর্ট, ["Beyond Transparency/ স্বচ্ছতার বাইরে"](#), এর উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যেখানে ট্রেড ইউনিয়ন এবং সিএসও থেকে মূল অন্তর্দৃষ্টিগুলি ধারণ করা হয়েছে যে কিভাবে ডিজিটাল সাপ্লাই চেইনে ব্যবহৃত টুলগুলির, যেমন ওএস হাব, ট্রেড ইউনিয়ন এবং সিএসও থেকে পাওয়া ডেটা পরিচালনা করা উচিত, যেখানে বিশ্বাস, সুরক্ষা, সম্মতি এবং পারস্পরিকতা নিশ্চিত করা অত্যাৱশ্যক।

এই নীতি [ওএস হাবের ব্যবহারের শর্তাবলী](#) এবং [ডেটা ব্যবহারের নীতিগুলিকে](#) পরিপূরক করে, কিন্তু তা প্রতিস্থাপন করে না। এতদিন ট্রেড ইউনিয়ন এবং সিএসও দ্বারা প্রদত্ত ডেটা হয়তো এই প্রক্রিয়ার অধীনে পর্যালোচনা করা হয়েছে বা হয়নি, যেখানে ভবিষ্যতের সব ডেটা অবদানের জন্য এই নীতিটি অনুসরণ করবে।

ওএস হাব মতামত গ্রহণের ভিত্তিতে এই নীতিকে উন্নত করতে এবং পুনর্বিবেচনা করতে থাকবে। আপনার মন্তব্য বা সুপারিশ থাকলে, আপনি এটি এই [প্রতিক্রিয়া ফর্মের](#) মাধ্যমে শেয়ার করতে পারেন।

২. ভূমিকা

ডেটা বা তথ্য অবদানকারী (ট্রেড ইউনিয়ন / সিভিল সোসাইটি সংস্থা)

অবদানকারীরা হলেন তারা যারা ওএস হাবের কাছে ডেটা বা তথ্য জমা দেয়। তথ্য জমা দেওয়ার মাধ্যমে তারা নিশ্চিত করে যে জমা দেওয়া তথ্য সঠিক, শেয়ার করার জন্য নিরাপদ এবং প্রয়োজনীয় সাংগঠনিক সম্মতি নেওয়ার মাধ্যমে তথ্য জমা দেওয়া হয়েছে। তথ্য জমা বা ডেটা অবদানের চূড়ান্ত সিদ্ধান্ত সম্পূর্ণরূপে অবদানকারীর উপর নির্ভরশীল।

ওপেন সাপ্লাই হাব (ওএস হাব)

ওএস হাব প্রক্রিয়াটিকে সহজতর করে:

- কর্মী এবং উপদেষ্টা কমিটিকে সম্ভাব্য নিরাপত্তা, আইনগত, এবং খ্যাতির বিষয়ে ঝুঁকি নির্দেশনা প্রদান করে তার;
- প্রকাশের আগে নিরাপত্তা পর্যালোচনা গেট প্রয়োগ করে সম্ভাব্য ক্ষতি চিহ্নিত করতে এবং কমাতে; এবং
- তথ্য অবদানকারীদের প্রতিক্রিয়া, নাম প্রকাশে অনিচ্ছুককরণ বিকল্প, এবং ঝুঁকি কমাতে এবং ডেটার গুণমান বাড়াতে দরকারি পদক্ষেপের মাধ্যমে সহায়তা করে।

ডেটা ব্যবহারকারীগণ

ডেটা ব্যবহারকারীগণ ওএস হাবের [পরিষেবার শর্তাবলী](#) অনুসারে প্রকাশিত ডেটা অ্যাক্সেস এবং ব্যবহার করতে পারে।

মালিকানা ও লাইসেন্সিং

ওএস হাবের উপর প্রকাশিত সব ডেটা একটি [ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন ৪.০ আন্তর্জাতিক \(CC BY ৪.০\) লাইসেন্সের](#) অধীনে শেয়ার করা হয়। এর অর্থ হল, ওএস হাব যখন লাইসেন্স অনুযায়ী তথ্য প্রকাশ করে থাকে তখন অবদানকারীরা তাদের দেওয়া ডেটার উৎস হিসেবে স্বীকৃত হয়ে থাকে।

৩. ডেটা প্রকারভেদ এবং সম্মতি

নিরাপত্তা নিশ্চিত করার জন্য, ওএস হাব সকল তথ্যকে দুটি প্রধান ভাগে ভাগ করে থাকে: সাংগঠনিক ডেটা এবং ব্যক্তিগত বা সংবেদনশীল ডেটা।

সাংগঠনিক ডেটা

সাংগঠনিক তথ্য বলতে প্রতিষ্ঠান, কর্মক্ষেত্র বা যৌথ কার্যামো সম্পর্কে তথ্য বোঝায়, ব্যক্তি বিশেষের তথ্য নয়।

যেমন:

- অঞ্চলভিত্তিক কারখানা বা সরবরাহকারীর তালিকা
- সিবিএ বা অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়া
- গবেষণায় অন্তর্ভুক্ত কারখানা বা কর্মক্ষেত্র

- ইউনিয়ন বা সিএসও-নেতৃত্বাধীন উদ্যোগ, অভিযান, বা পর্যবেক্ষণ কার্যক্রম

ব্যক্তিগত বা সংবেদনশীল তথ্য/ডেটা

ব্যক্তিগত বা সংবেদনশীল তথ্য বলতে এমন তথ্য বোঝায় যা কোনও ব্যক্তিকে শনাক্ত করতে, প্রকাশ করতে বা বিপদে ফেলতে পারে।

যেমন:

- কর্মী, শ্রম সংগঠক, অথবা তথ্য প্রকাশকারীদের বা হুইসেলব্লোয়ারের নাম, যোগাযোগের বিবরণ, অথবা ছবি
- সনাক্তযোগ্য বিবরণ সহ ব্যক্তিগত কেস বর্ণনা বা সাক্ষ্য
- কোনও ব্যক্তির অবস্থান, চাকরির পদবি, বা ঘটনার বর্ণনার মাধ্যমে তার সম্পর্কে তথ্য পাওয়া যেতে পারে।

নীতি: ওএস হাব আপলোডের জন্য ব্যক্তিগত বা সংবেদনশীল তথ্য গ্রহণ করে না, কারণ এই ধরনের তথ্য জনসমক্ষে আসার পরে এটি নিরাপত্তার নিশ্চয়তা দিতে পারে না।

প্রত্যাহারের অধিকার

অবদানকারীরা যেকোনো সময় তাদের তথ্য অপসারণের অনুরোধ করতে পারেন। জরুরি অনুরোধ (যেমন, নিরাপত্তা বা আইনি হুমকি সম্পর্কিত) সম্ভব হলে দুই কর্মদিবসের মধ্যে প্রক্রিয়া করা হবে।

অ্যাট্রিবিউশন

যখন এটি করা নিরাপদ হবে, তখন ওএস হাব অবদানকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ করবে।

যদি অবদানকারীরা নাম প্রকাশ না করতে চান, তাহলে অ্যাট্রিবিউশনে দেখা যাবে যে এন্ট্রিটি "একটি সিভিল সোসাইটি বা একটি ইউনিয়ন" দ্বারা অবদান করা হয়েছে।

৪. নিরাপত্তা পর্যালোচনা গেট

ওএস হাব-এ কোনও ড্রেড ইউনিয়ন বা সিএসও তথ্য জমা দেওয়ার আগে, এটি একটি নিরাপত্তা পর্যালোচনা গেটের মাধ্যমে পর্যালোচনা করা হয়। এই প্রক্রিয়াটি তথ্য সর্বজনীনভাবে দৃশ্যমান হওয়ার আগে অবদানকারী, কর্মী এবং সম্প্রদায়ের ঝুঁকি সনাক্ত করতে এবং হ্রাস করতে সহায়তা করে। প্রতিটি জমা প্রকাশের আগে ওএস হাব টিম এবং ড্রেড ইউনিয়ন এবং সিএসও এনগেজমেন্ট সম্পর্কিত উপদেষ্টা কমিটির' কমপক্ষে একজন সদস্য দ্বারা পর্যালোচনা করা হয়।

কে পর্যালোচনা পরিচালনা করে

উপদেষ্টা কমিটি এমন ব্যক্তিদের দ্বারা গঠিত যারা ড্রেড ইউনিয়ন এবং নাগরিক সমাজের সাথে কাজ করেন, অথবা তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছেন, এবং যারা বিভিন্ন অঞ্চলে রাজনৈতিক ও নাগরিক ঝুঁকির সম্মুখীন হন।

সকল উপদেষ্টা কমিটির সদস্যদের কাছ থেকে কঠোর গোপনীয়তা এবং যত্ন সহকারে তথ্য জমাগুলি পরিচালনা করার আশা করা হয়। তারা শুধুমাত্র সম্ভাব্য নিরাপত্তা, আইনি, বা গোপনীয়তার ঝুঁকি মূল্যায়নের উদ্দেশ্যে তথ্য পর্যালোচনা করেন এবং পর্যালোচনা প্রক্রিয়ার বাইরে তথ্য প্রকাশ করার বা আলোচনা করার অনুমতি তাদের নেই।

যদি উপদেষ্টা কমিটি নির্ধারণ করে যে কোনও নির্দিষ্ট জমা দেওয়ার জন্য প্রয়োজনীয় সেক্টরাল বা আঞ্চলিক দক্ষতার অভাব রয়েছে, তাহলে তারা ওএস হাব কমিটি এবং জমাদানকারী সংস্থার সাথে পরামর্শ করে, পর্যালোচনা সমর্থন করার জন্য একজন বিশ্বস্ত বহিরাগত বিশেষজ্ঞকে আমন্ত্রণ

জানাতে পারে। জড়িত যেকোনো বহিরাগত বিশেষজ্ঞকেও একই গোপনীয়তা প্রত্যাশা এবং সীমিত ব্যবহারের উদ্দেশ্য অনুসরণ করতে হবে।

স্বচ্ছতা নিশ্চিত করার জন্য, অবদানকারীরা তাদের তথ্য জমা পর্যালোচনাকারী উপদেষ্টা কমিটির সদস্যের নাম এবং বিশদ বিবরণের জন্য অনুরোধ করতে পারেন। চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে অবদানকারীরা পর্যালোচনাকারী সদস্যের সাথে প্রেক্ষাপট বা সম্ভাব্য ঝুঁকি-প্রশমন বিকল্পগুলি নিয়ে আলোচনা করার জন্য একটি সংক্ষিপ্ত স্পষ্টীকরণ কলের জন্য অনুরোধ করতে পারেন।

পর্যালোচনার কেন্দ্রবিন্দু ক্ষেত্র

বর্তমানে, ওএস হাব-এর নিরাপত্তা পর্যালোচনা গেট তিন ধরনের ঝুঁকির উপর দৃষ্টি নিবদ্ধ করে। এই ধরনগুলি সময়ের সাথে সাথে নতুন প্রেক্ষাপট এবং শিক্ষা প্রতিফলিত করতে পারে।

ক. সংঘবদ্ধতার স্বাধীনতা (FOA) এবং নাগরিক স্থান ঝুঁকি

প্রধান প্রশ্নগুলির মধ্যে রয়েছে:

- তথ্য প্রকাশনা কি কর্মী, সংগঠক বা ইউনিয়নগুলিকে প্রতিশোধ বা হয়রানির শিকার করতে পারে?
- তথ্য কি এমন প্রেক্ষাপটের সাথে সম্পর্কিত যেখানে ইউনিয়ন বা সিএসও কার্যকলাপকে অপরাধী ঘোষণা করা হয়েছে বা ব্যাপকভাবে সীমাবদ্ধ করা হয়েছে?

ওএস হাব বর্তমানে কোনও ইউনিয়ন বা সংস্থা "বৈধ" নাকি "হলুদ" তা মূল্যায়ন করে না।। এই ধরনের রায় আমাদের বর্তমান আদেশের বাইরে পড়ে। ভবিষ্যতে, ওএস হাব বিভিন্ন ধরনের ট্রেড ইউনিয়ন এবং সিএসও-এর জন্য বিভিন্ন বিভাগ বা শনাক্তকারী তৈরি করতে পারে (যেমন প্ল্যাটফর্মের আইকন বা মার্কারগুলির মাধ্যমে) যাতে ব্যবহারকারীরা বিভিন্ন ধরনের সংগঠনকে আলাদা করতে পারেন।

খ. আইনি ও সম্মতি ঝুঁকি

প্রধান প্রশ্নগুলির মধ্যে রয়েছে:

- জমা দেওয়া তথ্য কি মানহানিকর, বিভ্রান্তিকর, অথবা ভুল বলে চ্যালেঞ্জ করা যেতে পারে?
- ওএস হাব বা তথ্য অবদানকারীদের বিরুদ্ধে মামলা, দায়, অথবা অন্যান্য আইনি ব্যবস্থা নেওয়ার ঝুঁকি আছে কি?
- তথ্য প্রকাশনা কি জাতীয় আইন বা বিদ্যমান কোনও তথ্য প্রকাশের চুক্তি লঙ্ঘনের ঝুঁকি বহন করে?

গ. তথ্য সংবেদনশীলতা এবং গোপনীয়তার ঝুঁকি

প্রধান প্রশ্নগুলির মধ্যে রয়েছে:

- জমা দেওয়া তথ্যে কি ব্যক্তিগত বা শনাক্তযোগ্য তথ্য অন্তর্ভুক্ত আছে (এমনকি নাম বাদ দেওয়া হলেও)?
- চাকরির পদবি, ঘটনা বা ভৌগোলিক বিবরণের মাধ্যমে কি ব্যক্তিদের পুনরায় শনাক্ত করা যেতে পারে?
- নজরদারি, ডস্কিং, বা ভয় দেখানোর জন্য কি তথ্যের অপব্যবহার করা হতে পারে?
- তথ্যে কি এমন সহিংসতা বা হয়রানির বর্ণনা রয়েছে যা প্রকাশ্যে আনা হলে ভুক্তভোগীদের আবারও মানসিক আঘাত দিতে পারে?

সময়রেখা

সাধারণ পরিস্থিতিতে, ওএস হাব সম্পূর্ণ তথ্য জমা দেওয়ার ১০ কার্যদিবসের মধ্যে নিরাপত্তা পর্যালোচনা গেটটি সম্পন্ন করার লক্ষ্য রাখে। জরুরি জমা দেওয়ার ক্ষেত্রে, উদাহরণস্বরূপ, যখন প্রকাশনা সময়-সংবেদনশীল বা সক্রিয় প্রচারণার সাথে যুক্ত থাকে, তখন ওএস হাব পর্যালোচকদের প্রাপ্যতা এবং ঝুঁকির শর্ত সাপেক্ষে, ৫ কার্যদিবসের মধ্যে পর্যালোচনা এবং প্রকাশের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাবে।

সীমাবদ্ধতা

উপরোক্ত বিভাগ এবং সময়সীমা প্রতিটি সম্ভাব্য পরিস্থিতিতে ধারণ করে না। ওএস হাব তার বহু-দেশীয় কর্মী, উপদেষ্টা কমিটি এবং বিশেষজ্ঞদের সর্বোত্তম উপলব্ধ বিচার ব্যবহার করে এগুলি প্রয়োগ করে। তবে, সম্পূর্ণ সুরক্ষা নিশ্চিত করা যায় না এবং অবদানকারীদের জমা দেওয়ার আগে সম্ভাব্য ঝুঁকিগুলি সাবধানতার সাথে বিবেচনা করার জন্য উৎসাহিত করা হয়।

নিরাপত্তা পর্যালোচনার সম্ভাব্য ফলাফল

ফলাফল	বর্ণনা
প্রকাশ	ওএস হাবে তথ্য অন্তর্ভুক্তির জন্য অনুমোদিত। সুরক্ষামূলক ব্যবস্থা, যেমন বেনামীকরণ, বা সীমিত অ্যাক্সেস, প্রয়োগ করা যেতে পারে।
স্বগিত	তথ্য অবদানকারীর কাছ থেকে স্পষ্টীকরণ বা অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণের অপেক্ষায়, তথ্য প্রকাশনা সাময়িকভাবে স্বগিত করা হয়েছে।
কোয়ারেন্টাইন / প্রত্যাহান	তথ্য জমাদাতা সংস্থার সাথে পরামর্শক্রমে, যদি তথ্য নিরাপদে প্রকাশ করা খুব ঝুঁকিপূর্ণ বলে মূল্যায়ন করা হয়, তাহলে তা প্রকাশ করা থেকে বিরত রাখা হতে পারে। ওএস হাব অবদানকারীর সাথে কাজ করে সম্ভাব্য

	বিকল্পগুলি অন্বেষণ করবে, যেমন সংশোধন, বেনামীকরণ, অথবা বিলম্বিত প্রকাশনা, এবং তথ্য নিরাপদে সংরক্ষণ করা হবে এবং পরে যখন পরিস্থিতির উন্নতি হবে তখন পুনরায় মূল্যায়ন করা হবে।
--	--

সিদ্ধান্ত কর্তৃপক্ষ এবং স্বচ্ছতা

ডেটাসেট সম্পর্কিত সকল নিরাপত্তা-সম্পর্কিত সিদ্ধান্তের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার অধিকার টিইউ/সিএসও উপদেষ্টা কমিটির। কমিটির ভূমিকা হল অবদানকারী এবং অধিকারধারীদের সুরক্ষা দেওয়া, নিশ্চিত করা যে কোনও তথ্য প্রকাশ করা হবে না যদি তা যুক্তিসঙ্গতভাবে ব্যক্তি বা গোষ্ঠীকে ক্ষতি, প্রতিশোধ বা আইনি ঝুঁকির সম্মুখীন করতে পারে।

নিরাপত্তা-সম্পর্কিত সিদ্ধান্তগুলি চেকলিস্ট-ভিত্তিক বা স্বয়ংক্রিয় থ্রেসহোল্ড পদ্ধতির পরিবর্তে প্রাসঙ্গিক মূল্যায়নের মাধ্যমে নেওয়া হয়। এক বা একাধিক ঝুঁকি প্রশ্নের ইতিবাচক প্রতিক্রিয়া, নিজে থেকে, জমা প্রত্যাখ্যানের দিকে পরিচালিত করে না। পরিবর্তে, কমিটি বিবেচনা করে যে চিহ্নিত ঝুঁকিগুলি বেনামীকরণ, সংশোধন, বিলম্বিত প্রকাশনা, সীমিত অ্যাক্সেসিবিউশন, বা অতিরিক্ত সুরক্ষা ব্যবস্থার মতো ব্যবস্থার মাধ্যমে যুক্তিসঙ্গতভাবে হ্রাস করা যেতে পারে কিনা।

যদি কমিটি নির্ধারণ করে যে কোনও ডেটাসেট বা এর কিছু অংশ নিয়ন্ত্রণের বাইরে ঝুঁকি তৈরি করে, তাহলে ঝুঁকি হ্রাস না করা পর্যন্ত এটি প্রকাশ করা হবে না। এই সিদ্ধান্ত “কোনও ক্ষতি না করার” এবং দৃশ্যমানতার চেয়ে সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়ার একটি যৌথ প্রতিশ্রুতি প্রতিফলিত করে।

নিরাপত্তার কারণে কোনও তথ্য জমা যদি স্থগিত, সংশোধন বা প্রত্যাখ্যান করা হয়, তখন উপদেষ্টা কমিটির সদস্যরা অবদানকারী সংস্থার সাথে সরাসরি কথা বলার মাধ্যমে উদ্বেগ স্পষ্ট করতে, সিদ্ধান্তের পিছনের যুক্তি ব্যাখ্যা করতে এবং তথ্য সমর্থন বা প্রতিনিধিত্ব করার বিকল্প, নিরাপদ উপায়গুলি অন্বেষণ করতে সচেষ্ট থাকবেন।

সময়ের সাথে ধারাবাহিকতা, জবাবদিহিতা এবং প্রাতিষ্ঠানিক শিক্ষাকে সমর্থন করার জন্য, ওপেন সাপ্লাই হাব নিজে সেফটি রিভিউ গেটের সিদ্ধান্ত এবং সম্পর্কিত যুক্তিগুলির অভ্যন্তরীণ রেকর্ড

বজায় রাখে। এই রেকর্ডটি প্রশাসন এবং রেফারেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হয়, যেখানে উপদেষ্টা কমিটির সদস্যপদ উন্মুক্ত নয়, এবং সর্বজনীনভাবে অ্যাক্সেসযোগ্য নয়।

৫. প্রতিকার, সংশোধন এবং অপসারণ

ওএস হাব স্বীকার করে যে পরিস্থিতি, ঝুঁকি, বা তথ্য প্রকাশিত হওয়ার পর পরিবর্তিত হতে পারে। “ক্ষতি না করা” এর নীতিটি রক্ষা করতে, অবদানকারী এবং প্রভাবিত পক্ষগুলির কাছে প্রয়োজনীয় হলে সংশোধন, অপসারণ, বা অন্যান্য প্রতিকার চাওয়ার পথ রয়েছে।

কিভাবে একটি অনুরোধ দাখিল করবেন

অনুরোধ জমা দেওয়া যেতে পারে:

- অবদানকারী ট্রেড ইউনিয়ন বা সিভিল সোসাইটি সংস্থার দ্বারা; অথবা
- অবদানকারীর দ্বারা নিযুক্ত একটি অনুমোদিত যোগাযোগ পয়েন্ট দ্বারা।
- অনুরোধ জমা দেওয়ার সময় ওএস হাব-এর [অফিসিয়াল ট্রেড ইউনিয়ন/সিএসও ডেটা জমা দেওয়ার ফর্ম](#) অথবা জমা দেওয়ার প্রক্রিয়া চলাকালীন সম্মত বিকল্প পথ ব্যবহার করে অনুমোদিত প্রতিনিধির নাম এবং যোগাযোগের বিবরণ প্রদান করতে হবে।

অনুরোধগুলি support@opensupplyhub.org ঠিকানায় পাঠাতে হবে এবং যেকোনো ভাষায় লেখা যেতে পারে।

সময়োপযোগী এবং সঠিক ফলোআপ নিশ্চিত করার জন্য স্থানীয় বা আঞ্চলিক ভাষায় জমা দেওয়া তথ্য অভ্যন্তরীণভাবে প্রয়োজন অনুযায়ী অনুবাদ করা হবে।

যোগ্য অনুরোধ

ওএস হাব নিম্নলিখিত কারণে প্রতিকার, সংশোধন, বা অপসারণের অনুরোধ গ্রহণ করে যেমন:

- নিরাপত্তার হুমকি: প্রকাশে ক্ষতির, প্রতিশোধ, বা আইনগত প্রকাশের ঝুঁকি তৈরি করে বা বৃদ্ধি করে।
- অসত্যতা বা ভুল উল্লেখ: তথ্যগত ত্রুটি, ভুল কারখানার বিবরণ, বা ভুল উল্লেখ।
- সম্মতি প্রত্যাহার: অবদানকারী বা অনুমোদিত প্রতিনিধির প্রকাশের অনুমতি প্রত্যাহার।
- আইনি আদেশ বা নিষেধাজ্ঞা: আদালতের আদেশ, সরকারি নির্দেশিকা, বা অন্যান্য বাধ্যতামূলক বাধ্যবাধকতা।
- অন্যান্য বৈধ উদ্বেগ: যেমন নতুন প্রেস্কাপটের ঝুঁকি, গোপনীয়তার সমস্যা, অথবা সম্প্রদায় পর্যায়ের আবেদন।

উপলব্ধ পদক্ষেপ

অনুরোধের প্রকৃতি এবং ঝুঁকির স্তরের উপর নির্ভর করে, ওএস হাব নিম্নলিখিতগুলি করতে পারে:

- সমস্যাটি পর্যালোচনা করার সময় রেকর্ডটি সাময়িকভাবে লুকিয়ে রাখতে পারে;
- নির্দিষ্ট ক্ষেত্র বা টেক্সট সংশোধন বা সম্পাদনা করতে পারে;
- সম্পূর্ণরূপে জনসাধারণের দৃষ্টির বাইরে রেকর্ডটি মুছে ফেলতে পারে; অথবা
- যাচাইকৃত আপডেট বা প্রাসঙ্গিক ব্যাখ্যা প্রদানের জন্য স্পষ্টীকরণ নোট যোগ করতে পারে।

জবাবদিহিতা এবং ধারাবাহিকতা বজায় রাখার জন্য সমস্ত পদক্ষেপ ওএস হাব-এর অভ্যন্তরীণ সিদ্ধান্ত রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়।

সময়রেখা

- জরুরি ক্ষেত্রে (যেমন, নিরাপত্তা বা আইনি হুমকি) যথাসম্ভব দুই কর্মদিবসের মধ্যে মূল্যায়ন এবং ব্যবস্থা নেওয়া হবে।
- জরুরি নয় এমন ক্ষেত্রে পাঁচ কর্মদিবসের মধ্যে পর্যালোচনা করা হবে। যদি একটি অনুরোধ সপ্তাহান্তে বা সাধারণ ছুটির দিনে আসে, তবে পরবর্তী কর্মদিবসে প্রক্রিয়াকরণ শুরু হবে।

যোগাযোগ এবং ফলো-আপ

অনুরোধ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর অবদানকারীরা একটি বিজ্ঞপ্তি পাবেন।

যদি আরও স্পষ্টতার প্রয়োজন হলে, ফলাফল চূড়ান্ত করার আগে ওএস হাব কর্মীরা বা উপদেষ্টা কমিটির সদস্যরা উপলব্ধ বিকল্পগুলি নিয়ে আলোচনা করতে যোগাযোগ করতে পারেন।

যেখানে কোনও অনুরোধ ঝুঁকির একটি বিস্তৃত বা পুনরাবৃত্ত ধরণ তুলে ধরে, উদাহরণস্বরূপ, বারবার হুমকি বা অঞ্চল-নির্দিষ্ট বিধিনিষেধ, তখন ওএস হাব নিশ্চিতভাবে অনুরূপ মামলাগুলির মধ্যে সামঞ্জস্যপূর্ণ সমাধান এবং সম্মিলিত শিক্ষার জন্য উপদেষ্টা কমিটির সাথে পরামর্শ করতে পারে।

৬. অবদানকারীর দায়িত্ব

ওপেন সাপ্লাই হাবের মাধ্যমে বিশ্বাসযোগ্য, নিরাপদ এবং অধিকার-বিশ্বস্ত তথ্য শেয়ার করার মাধ্যমে তথ্য প্রদানকারী ট্রেড ইউনিয়ন (টিইউ) এবং নাগরিক সমাজ সংস্থা (সিএসও) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

তথ্য জমা দেওয়ার মাধ্যমে, অবদানকারীরা নীচের নীতিগুলি অনুসরণ করতে সম্মত হন।

ক. ক্ষতি না করা

তথ্য প্রকাশের ফলে কর্মী, সংগঠক বা সম্প্রদায়ের ক্ষতি না হয় তা নিশ্চিত করার জন্য অবদানকারীদের যথাসাধ্য চেষ্টা করা উচিত। এর মধ্যে রয়েছে জমা দেওয়ার আগে একটি মৌলিক ঝুঁকি স্ক্যান করা, প্রয়োজনে আইনি, ডিজিটাল-নিরাপত্তা বা সাংগঠনিক বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করা।

খ. নিরাপদ চ্যানেল ব্যবহার করা

তথ্য কেবল নিরাপদ এবং নির্ভরযোগ্য চ্যানেলের মাধ্যমে স্থানান্তর করা উচিত। ওএস হাব ড্রেড ইউনিয়ন/ সিএসও ডেটা জমা দেওয়ার জন্য ব্যবহৃত [অফিসিয়াল ড্রেড ইউনিয়ন/ সিএসও ডেটা জমা দেওয়ার ফর্মের](#) মাধ্যমে ডেটা গ্রহণ করে। এই ফর্মের জন্য একটি Google লগ-ইন প্রয়োজন, যা Google নীতি অনুসারে ফাইলগুলির নিরাপদ ট্রান্সমিশনের অনুমতি দেয়। যদি, কোনও কারণে, এই বিকল্পটি আরামদায়ক বা কার্যকর না হয়, তাহলে ওএস হাব অবদানকারীদের সাথে কাজ করে তাদের প্রেক্ষাপট এবং ঝুঁকি স্তরের জন্য উপযুক্ত বিকল্প স্থানান্তর পদ্ধতি সনাক্ত করতে পারে (উদাহরণস্বরূপ, এনক্রিপ্ট করা ইমেল বা অন্য কোনও পারস্পরিক সম্মত চ্যানেল)।)

গ. সঠিক এবং ন্যায্যসঙ্গত হওয়া

জমা দেওয়ার সময় সেরা-উপলব্ধ এবং যাচাইযোগ্য তথ্য প্রদান করুন। যদি তথ্য আংশিক, বিতর্কিত, বা নিশ্চিতকরণের অপেক্ষায় থাকে, তাহলে “*allegation/অভিযোগ*,” “*pending verification/যাচাই মূলতুবি*,” বা “*approximate/আনুমানিক*” এর মতো যোগ্যতা ব্যবহার করে স্পষ্টভাবে চিহ্নিত করুন।

ঘ. সম্মতি সম্মান করা

জমা দেওয়ার আগে, নিশ্চিত করুন যে সমস্ত প্রাসঙ্গিক সংস্থা বা নেটওয়ার্ক তাদের সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করার জন্য সম্মতি দিয়েছে। ব্যক্তিগত বা শনাক্তযোগ্য তথ্য কখনই অন্তর্ভুক্ত করা উচিত নয়।

ঙ. ফলো-আপে সম্পৃক্ত হওয়া

যেখানে সম্ভব তথ্য অবদানকারীদের নিম্নলিখিত বিষয়গুলিতে উপলব্ধ থাকা উচিত:

- ওএস হাব বা উপদেষ্টা কমিটির স্পষ্টীকরণের অনুরোধের জবাব দিন;
- প্রকাশনার পরে উদ্ভূত নিরাপত্তা বা নির্ভুলতার সমস্যাগুলি সনাক্ত করতে বা সমাধান করতে সহায়তা করুন।

চ. প্রয়োজন হলে আপডেট বা প্রত্যাহার করা

যদি জমা দেওয়া কোনও তথ্য পুরানো, ভুল, বা অনলাইনে রাখা ঝুঁকিপূর্ণ হয়ে যায়, তাহলে অবদানকারীদের প্রতিকার প্রক্রিয়ার মাধ্যমে তাৎক্ষণিকভাবে ওএস হাবকে অবহিত করতে উৎসাহিত করা হচ্ছে (নীচে দেখুন)। এটি নির্ভুলতা বজায় রাখতে এবং সংশ্লিষ্ট সবার সুরক্ষা নিশ্চিত করতে সহায়তা করে।

৭. নীতি পর্যালোচনা

এই নীতিটি কমপক্ষে বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা করা হবে এবং ট্রেড ইউনিয়ন, নাগরিক সমাজ সংস্থা, তথ্য অবদানকারী, অথবা ওপেন সাপ্লাই হাবকে প্রভাবিত করে এমন আইনি, কার্যকরী বা প্রাসঙ্গিক পরিবর্তনগুলি প্রতিফলিত করার জন্য প্রয়োজন অনুসারে আপডেট করা হবে।

যেকোনো সংশোধনী একটি একক, কর্তৃত্বপূর্ণ রেফারেন্স পয়েন্ট নিশ্চিত করার জন্য ওপেন সাপ্লাই হাবের [শাসন ও নীতি পৃষ্ঠায়](#) সংস্করণ এবং প্রকাশ করা হবে।

পরিশিষ্ট ক: তথ্য জমা দেওয়ার ফর্ম

তথ্য অবদানকারীরা নিম্নলিখিত ফর্মটি ব্যবহার করে ওএস হাবের সাথে সাংগঠনিক ডেটা শেয়ার করতে পারেন:

ওএস হাব ট্রেড ইউনিয়ন/সিএসও তথ্য জমা দেওয়ার ফর্ম: দয়া করে লক্ষ্য করুন যে এই ফর্মের মাধ্যমে তথ্য জমা বা ডেটা শেয়ার করার জন্য একটি গুগল অ্যাকাউন্ট লগইন প্রয়োজন হবে। যদি আপনার গুগল অ্যাকাউন্ট না থাকে এবং বিকল্প পদ্ধতির প্রয়োজন হয়, তবে দয়া করে support@opensupplyhub.org এ ইমেইল করুন।

তথ্য জমা দেওয়ার সময়, প্রতিটি উৎপাদন স্থান বা কর্মক্ষেত্র সম্পর্কে মৌলিক সনাক্তকারী তথ্য অন্তর্ভুক্ত করুন, যেমন:

- উৎপাদন স্থান/কর্মক্ষেত্রের নাম
- ঠিকানা (নীচের নির্দেশিকা দেখুন)
- সেক্টর / শিল্প
- দেশ

তথ্য/ডেটা যেকোনো ফরম্যাটে জমা দেওয়া যেতে পারে (যেমন: স্প্রেডশীট, পিডিএফ, সংক্ষিপ্ত রিপোর্ট, অথবা টেক্সট ফাইল)।

যদি আপনি জমা দেওয়ার ফর্ম ব্যবহারে চ্যালেঞ্জের সম্মুখীন হন, যেমন সীমিত সংযোগ, ভাষার বাধা, বা ডিজিটাল-নিরাপত্তার উদ্বেগ, তবে ওএস হাব নিরাপদে জমা দেওয়ার জন্য বিকল্প ব্যবস্থা করতে পারে, যেমন সিগন্যাল বা এনক্রিপ্ট করা ইমেইল।

ঠিকানা সম্পর্কে নির্দেশিকা

সর্বাধিক সঠিকতা এবং ব্যবহারযোগ্যতা নিশ্চিত করতে, ঠিকানাগুলি যতটা সম্ভব নীচের নির্দেশিকা অনুসরণ করা উচিত:

ঠিকানাগুলি সম্পূর্ণ হতে হবে এবং এতে অন্তর্ভুক্ত থাকতে হবে:

- রাস্তার নাম্বার
- রাস্তার নাম
- শহর বা টাউন
- বিভাগ বা প্রদেশ বা রাজ্য
- ডাক কোড

যদি রাস্তার নাম এবং/অথবা নাম্বার উপলব্ধ না হয় বা বিদ্যমান না থাকে, তবে দয়া করে ব্যবহার করুন:

- পাড়া বা মহল্লার নাম; এবং/অথবা
- গ্রামের নাম; এবং/অথবা
- শিল্প এলাকার নাম এবং প্লট নম্বর(গুলি); এবং/অথবা
- অন্য কোনো স্থানীয়ভাবে স্বীকৃত ভৌগোলিক শনাক্তকারী।

অতিরিক্ত নির্দেশিকা:

- কোনো অ-রোমান অক্ষরকে তাদের রোমান/ইংরেজি সমকক্ষতে অনুবাদ করুন।

- পোস্ট অফিস বক্স বা অনুরূপ উল্লেখ অপসারণ করুন (যেমন: পি.ও. বক্স), কারণ এগুলি জিওকোডিং এবং অবস্থানের সঠিকতায় বাধা দিতে পারে।

যদি ঠিকানার সুনির্দিষ্ট বিবরণ শেয়ার করা কঠিন বা ঝুঁকিপূর্ণ হয়, তাহলে অবদানকারীদের জমা দেওয়ার সময় এটি চিহ্নিত করতে উৎসাহিত করা হচ্ছে যাতে ওপেন সাপ্লাই হাব নিরাপত্তা পর্যালোচনা গেটের সময় যথাযথ সুরক্ষা ব্যবস্থাগুলি অন্বেষণ করতে পারে।

পরিশিষ্ট থ – অপসারণ / সংশোধন অনুরোধ টেমপ্লেট

তথ্য সংশোধন, সংশোধন, অথবা অপসারণের অনুরোধ করতে, অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্য প্রদান করুন।

আপনি এই ফর্ম্যাটটি একটি ইমেলে অনুলিপি করে যেকোনো ভাষায় support@opensupplyhub.org ঠিকানায় পাঠাতে পারেন।

বিষয়: অপসারণ / সংশোধন অনুরোধ

অনুরোধকারীর নাম ও ভূমিকা:

রেকর্ড / URL / কারখানার শনাক্তকারী:

নির্দিষ্ট ডেটা-এন্ট্রি বা ডেটাসেট চিহ্নিত করুন।

সমস্যার ধরন:

দয়া করে বর্ণনা করুন কোন সমস্যা প্রযোজ্য, উদাহরণস্বরূপ:

- নিরাপত্তার ঝুঁকি

- অসত্যতা
- সম্মতি প্রত্যাহার
- আইনগত আদেশ (যদি উপলব্ধ হয় তাহলে সংযুক্ত করুন)
- অন্যান্য (দয়া করে বর্ণনা করুন)

অনুরোধিত পদক্ষেপ:

দয়া করে নির্দিষ্ট করুন আপনি ওএস হাব-এর কাছে কী করতে চান, উদাহরণস্বরূপ:

- নির্দিষ্ট বিবরণ সম্পাদনা করুন
- সাময়িকভাবে লুকান
- সম্পূর্ণরূপে সরান
- অন্যান্য (দয়া করে ব্যাখ্যা করুন)

কারণ এবং প্রমাণ:

৫০০ শব্দের মধ্যে বর্ণনা করুন। যদি কোনও সহায়ক নথি থাকে তবে তা সংযুক্ত করুন।

পছন্দসই যোগাযোগের পদ্ধতি:

(যেমন, সিগন্যাল, হোয়াটসঅ্যাপ, ইমেইল, অথবা অন্য কোনো নিরাপদ চ্যানেল)

